

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা।
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৩৮২.২০১৭-৭৫

তারিখ: ১৯ মাঘ ১৪২৭
০২ ফেব্রুয়ারি ২০২১


বিষয়: “টাঙ্গাইল পৌরসভার অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “টাঙ্গাইল পৌরসভার অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ২২৮.৭৯ কোটি (দুইশত আটাশ কোটি ঊনআশি লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ০৪/১১/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। ডিসেম্বর ২০২০ পর্যন্ত প্রকল্পটি ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৪৫.৫০% এবং আর্থিক অগ্রগতি ৩৪.৪০ কোটি টাকা (১৫.০৪%)।

২। প্রকল্পটি বাস্তবায়নের শুরুতে প্রকল্প এলাকা যথাযথ সার্ভে, প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুতপূর্বক দরপত্র আহ্বানের প্রাক্কালে কোভিড-১৯ ভাইরাসজনিত কারণে দরপত্র গ্রহণে বিলম্ব হওয়ায় প্রকল্পভুক্ত সকল পূর্তকাজ নির্ধারিত সময়ে সমাপ্ত হবে না বিধায় প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রয়োজন। এ বিষয়ে গত ২৩/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পটির মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধির বিষয়ে সুপারিশ করা হয়েছে (সংযুক্তি-১)।

৩। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “টাঙ্গাইল পৌরসভার অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২১ এর পরিবর্তে জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সম্মতি/মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ মেয়াদ বৃদ্ধির নির্ধারিত ছক ০১ (এক) প্রস্থ।


(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৭৫৮০১২
planning1.lgd@gmail.com

সচিব

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

শেরে বাংলা নগর, ঢাকা।

(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। মহাপরিচালক/যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।